**নাম: মো: স্বজন**

**জন্ম তারিখ: ১ মে, ১৯৯৯**

**শহীদ হওয়ার তারিখ: ৬ আগস্ট, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা :দিনমজুর

শাহাদাতের স্থান :ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল

## শহীদের জীবনী

শহীদ মোঃ স্বজন ১ মে ১৯৯৯ সালে নারায়ণগঞ্জে জন্মগ্রহণ করেন।বেড়ে ওঠেন নারায়ণগঞ্জেই।শৈশব কৈশোর পেরিয়ে পদার্পণ করেন তারুণ্যে।অসুস্থ পিতার বড় ছেলের জীবনটা এতটা সহজ ছিল না।পিতার আবাদযোগ্য কোনো কৃষি জমি নেই।ওদিকে অসুস্থ পিতা কোনো কাজও করতে পারেন না।তাইতো যে বয়সে পড়ালেখা করার কথা ছিল- সে বয়সে কাঁধে নিয়েছিলেন সংসারের পুরো দায়িত্ব।তাকে ঘিরে পরিবারের বাকি ৩ সদস্যের প্রত্যাশাও ছিল আকাশছোঁয়া।এটাই ছিল শহীদ স্বজনের অনুপ্রেরণা।তিনি কাজ করতেন দিনমজুরের।ছিলেন পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি।দরিদ্র এই পরিবারের ছোট্ট আনন্দ, হাসি-আলোর গল্পগুলো থামিয়ে দিয়েছে ছাত্রলীগ-যুবলীগের সন্ত্রাসীরা।শহীদ স্বজন ৫ আগস্ট ২০২৪ তারিখে ছাত্র-জনতার প্রাণের দাবিতে নিঃস্বার্থভাবে অংশ নিয়েছিলেন।

ঘটনার বিবরণ

০৫ আগস্ট ২০২৪ তারিখ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন মার্চ টু ঢাকা কর্মসূচি ঘোষণা করে।তৎকালীন ফ্যাসিস্ট সরকার ছাত্র-জনতাকে প্রতিহত করতে কারফিউ জারি করে।স্বৈরাচারের কারফিউ ভঙ্গ করে রাস্তায় নেমে আসে ছাত্র-জনতা।৫ই আগস্ট সকাল ১০টায় নারায়ণগঞ্জের চাষাড়া চত্বরে অন্যান্য ছাত্র-জনতার সাথে শহীদ স্বজনও সমবেত হন।ছাত্র-জনতার এ আন্দোলন ন্যাৎসাত করতে স্বৈরাচারের পুলিশ বাহিনীর পাশাপাশি আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের সন্ত্রাসীরা ব্যাপক প্রস্তুতি নিতে থাকে।সকাল ১১টায় আওয়ামীলীগ, যুবলীগ এবং ছাত্রলীগের সন্ত্রাসীরা ছাত্র-জনতাকে লক্ষ্য করে এলোপাথাড়ি গুলি ছুড়তে শুরু করে।এমন সময় হঠাৎ একটা গুলি শহীদ স্বজনের বুকের বাম পাশে প্রবেশ করে পেছন দিক দিয়ে বের হয়ে যায়।স্থানীয় লোকজন তাঁকে ঢাকা মেডিকেল কলেজে নিয়ে ভর্তি করেন।শহীদ স্বজন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ০৬ আগস্ট বিকেল ৫টায় দুনিয়ার মায়া ত্যাগ পরপারে চলে যান।

শহীদের সংক্ষিপ্ত পরিচিতি

নাম : মো: স্বজন

জন্ম তারিখ : ০১.০৫.১৯৯৯

পেশা : দিনমজুর

আহত হবার স্থান : চাষাড়া, নারায়ণগঞ্জ

শহীদ হবার স্থান : ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল

আঘাতের ধরণ : গুলি বিদ্ধ

আক্রমণকারী : আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের সন্ত্রাসীরা

আহত হবার সময় ও তারিখ : ৫ আগস্ট ২০২৪ সকাল ১১টা

শহীদ হবার সময় ও তারিখ : ৬ আগস্ট ২০২৪ বিকাল ৫:০০টা

বর্তমান ও স্থায়ী ঠিকানা

গ্রাম : ৩১৩, কুশিয়ারা, ইউনিয়ন: নবীগঞ্জ বন্দর, থানা: বন্দর, জেলা: নারায়ণগঞ্জ

পরিবারসংক্রান্ত তথ্য

পিতা : মো: জাকির হোসেন

পিতার অবস্থা : বৃদ্ধ ও অসুস্থ

মাতা : আফিয়া বেগম

মাতার পেশা : গৃহিণী

শহীদের সাথে সম্পর্ক : পিতা

পরিবারের বর্তমান সদস্য সংখ্যা : ৩ জন

পরিবারের অন্যান্য সদস্য

ভাই : মো: আবুল বাশার

বয়স ও পেশা : ২২, বেকার

প্রস্তাবনা

১. নিয়মিত মাসিক আর্থিক সহযোগিতা প্রয়োজন